विधाननगर में केंद्रीय बलों की सुरक्षा में चुनाव कराने को लेकर हाई कोर्ट में जनहित याचिका दायर की गई है। याचिका में कहा गया है कि विधाननगर में आए दिन हिंसा की घटनाएं हो रही हैं। इसलिए वहां केंद्रीय बलों की सुरक्षा में मतदान कराया जाए। हाई कोर्ट के मुख्य न्यायाधीश प्रकाश श्रीवास्तव की अगुआई वाली खंड पीठ में मामले पर सुनवाई हुई। याचिका पर विचार करते हुए खंड पीठ ने सरकार व राज्य चुनाव आयोग को नौ फरवरी तक वहां चुनाव के सुरक्षा इंतजाम को लेकर रिपोर्ट जमा करने को कहा गया।

इस रिपोर्ट में विधाननगर के साथ-साथ बाकी तीन नगर निगमों के चुनाव के लिए किए जा रहे सुरक्षा इंतजाम का भी उल्लेख करने को कहा गया है। पहले 22 जनवरी को इन चारों नगर निगमों के चुनाव होने थे, लेकिन कोरोना की तत्कालीन स्थिति को देखते हुए हाई कोर्ट के निर्देश पर चुनाव की तारीख आगे बढ़ा दी गई थी। वोटों की गिनती 14 फरवरी को होगी। उसके बाद 27 फरवरी को सूबे की 108 नगरपालिकाओं के चुनाव होंगे। गौरतलब है कि इससे पहले कोलकाता नगर निगम का चुनाव केंद्रीय बलों की सुरक्षा में कराने के लिए भी हाई कोर्ट में याचिका दायर की गई थी, जिसे अदालत ने खारिज कर दिया था।

फिर राज्य के दौरे पर आ रहे हैं मोहन भागवत

कोलकाता, 8 फरवरी (जनसत्ता)।

राष्ट्रीय स्वयंसेवक संघ (आरएसएस) के सरसंघचालक मोहन भागवत फिर से पश्चिम बंगाल के दौरे पर आ रहे हैं। आरएसएस मुखिया 10 फरवरी को बंगाल दौरे पर पहुंच रहे हैं। वे 17 फरवरी तक यानी एक सप्ताह तक राज्य में रहेंगे। साथ ही इस दौरान वे उत्तर बंगाल और बर्दवान में आरएसएस पदाधिकारियों और कार्यकर्ताओं के साथ बैठक करेंगे।

इससे पहले आरएसएस प्रमुख 31 जनवरी को कोलकाता दौरे पर आए थे। उन्होंने एक और दो फरवरी को केशव भवन में आरएसएस की अखिल भारतीय पदाधिकारियों के साथ बैठक की थी। बैठक में आरएसएस के शीर्ष पदाधिकारी उपस्थित थे।

बजट राज्य सरकार को इस संबंध में केंद्र का जवाब मिलना अभी बाकी है

मनरेगा के तहत आठ करोड़ अतिरिक्त कार्य दिवस को मंजूरी देने की मांग

कोलकाता, 8 फरवरी (जनसत्ता)।

केंद्र सरकार ने वित्त वर्ष 2022-23 के लिए मनरेगा योजना के लिए 73,000 करोड़ रुपए का अनुमानित बजट प्रदान किया है।

राज्य सरकार ने केंद्र सरकार को पत्र लिखकर वित्त वर्ष 2021-22 में मनरेगा योजना (मनरेगा फंड) के तहत आठ करोड़ अतिरिक्त कार्य दिवस मंजूर करने की मांग की है। इसके साथ ही राज्य के पंचायत मंत्री पुलक राय ने यह जानकारी देते हुए पत्रकारों को बताया कि मौजूदा वित्त वर्ष के लिए 27 करोड़ कार्य दिवस का स्वीकृत श्रम बजट बंगाल के हासिल करने के बाद यह पत्र भेजा गया है।

इसके साथ ही उन्होंने कहा कि 27 करोड़ कार्य दिवस बंगाल के लिए अपर्याप्त हैं। राज्य को कम से कम 35 करोड़ कार्य दिवस की जरूरत है। इसलिए हमने केंद्र सरकार को पत्र लिखकर आठ करोड़ अतिरिक्त कार्य दिवस को मंजूरी देने की मांग की है।

हालांकि राज्य के एक वरिष्ठ अधिकारी ने बताया कि राज्य सरकार को इस संबंध में केंद्र का जवाब मिलना अभी बाकी है। केंद्र सरकार ने इससे पहले बंगाल के लिए मौजूदा वित्त वर्ष में पांच करोड़ अतिरिक्त कार्य दिवस को मंजूरी दी थी। केंद्र सरकार ने वित्त वर्ष 2022-23 के लिए महात्मा गांधी राष्ट्रीय ग्रामीण रोजगार गारंटी अधिनियम (मनरेगा) योजना के लिए 73,000 करोड़ रुपए का अनुमानित बजट प्रदान किया है। वित्त वर्ष 2021-22 में योजना का संशोधित अनुमान 98,000 करोड़ रुपए था।

राज्य सरकार के सलाहकार और राज्य के पूर्व वित्त मंत्री अमित मित्रा ने केंद्र सरकार के बजट पर प्रतिक्रिया व्यक्त करते हुए कहा था कि केंद्रीय बजट के प्रस्तावों से ग्रामीण रोजगार प्रभावित होगा क्योंकि मनरेगा के लिए आवंटित राशि में कटौती की गई है। उन्होंने कहा कि कोविड के कारण नौकरी गंवाने वाले लोगों के जीविकोपार्जन के लिए बजट में कुछ नहीं है।

মমতা ব্যানার্জি লখনউতে অশান্তির চেষ্টা করবেন : সুকান্ত মজুমদার

রবীন্দ্রনাথ প্রামানিক, আসানসোল : ১২ ফেব্রুয়ারি আসানসোল পুরনিগমের ভোটের আগে প্রচারে ঝড় তুলতে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ২দিনের জন্য শহরে এসেছেন। মঙ্গলবার সকালে তিনি আসানসোল পুরনিগমের ৮৪ ও ৮৫ নং ওয়ার্ডের বিজেপি প্রার্থী মধুমিতা চ্যাটার্জি ও কাকলি ঘোষের হয়ে দুয়ারে-দুয়ারে প্রচারে অংশ নেন। প্রচার শেষে সাংবাদিকদের সুকান্ত মজুমদার জানান, 'অখিলেশ যাদবের জমানায় উত্তর প্রদেশের অবস্থা কী হয়েছিল, সবার জানা আছে। দুষ্কৃতীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছিল। এখন যোগীর শাসনকালে উত্তর প্রদেশ উত্তম প্রদেশে পরিণত হয়েছে। সব আঞ্চলিক দল একেকটি বেসরকারি সংস্থার মতো। তারা শুধু নিজেদের পরিবারের সদস্যদের উন্নতির কথাই ভাবে। এক্ষেত্রে ব্যানার্জি পরিবারের এক সদস্য যাদব পরিবারের এক সদস্যকে সাহায্যের জন্যে লখনউ গিয়েছেন। এর বেশি কিছু এটা নিয়ে ভাবার দরকার নেই। মমতা ব্যানার্জি সেখানে গিয়ে নতুন করে কোনো অশান্তি করা যায় কিনা, সে ব্যাপারে চেষ্টা করবেন।' তৃণমূল কংগ্রেসে মমতা ব্যানার্জি ও অভিষেকের দ্বন্দ্বের প্রেক্ষিতে তিনি বলেন, 'বিজেপি কখনো পরিবারতন্ত্রে নাক গলায়নি। তাই পরিবারের সদস্যদের বিভাজন নিয়ে ও বিজেপির কোনো ভূমিকা নেই। যাদের মধ্যে মতান্তর চলছে, তারাই ভালো বলবে বিভাজন কতটা।' পুরভোটের প্রার্থী তালিকা ঘোষণার পরে বিজেপির অন্দরে যে ক্ষোভ দেখা দিয়েছে এই অভিযোগ উড়িয়ে দিয়ে সুকান্ত মজুমদার জানান, 'বিজেপির অন্দরে কোনো ক্ষোভ-বিক্ষোভ নেই।' এদিন তিনি কল্যাণপুর অঞ্চলে বিজেপি প্রার্থীর সমর্থনে প্রচারে যান। পরে বিকেলে কুলটি অঞ্চলে প্রার্থীদের হয়ে প্রচার করেন।

ছবি : জয়ন্ত সাহা

উত্তরবঙ্গে মোহন ভাগবত আসছেন

উজ্জ্বল দত্ত, কলকাতা : রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘের প্রধান মোহন ভগবত ১১ ফেব্রুয়ারি উত্তরবঙ্গে আসছেন। ৪দিনের সফরে সাংগঠনিক বৈঠক ছাড়াও বেশ কিছু কর্মসূচি রয়েছে। উত্তরবঙ্গ প্রান্তের কার্যবাহ তরুণ পণ্ডিত জানান, শিলিগুড়িতে রাজ্যস্তরের রাষ্ট্রীয় স্বয়ংসেবকদের বিশেষ প্রশিক্ষণ রয়েছে। তা চলবে ১১-১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রথমদিন উত্তরবঙ্গের সব প্রচারকদের সঙ্গে আলোচনায় বসবেন। পরেরদিন রাজ্য কার্যকারিণী সভার সদস্যমণ্ডলীর সঙ্গে বৈঠক করে শেষদিন ১৩ ফেব্রুয়ারি জেলাস্তরের পদাধিকারীদের সঙ্গে বৌদ্ধিক কার্যক্রম বা আলোচনায় অংশ নেবেন। এইদিনই তাঁর নাগপুর ফেরার কথা। উত্তরবঙ্গ সফর শেষে মোহন ভাগবত সাংগঠনিক কাজকর্ম খতিয়ে দেখতে বর্ধমান যেতে পারেন। যদিও এনিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত এখনো হয়নি। তবে কলকাতায় আসার কোনো পরিকল্পনা আপাতত নেই।

সুকান্ত মজুমদারকে ১ বাক্স ইনো পাঠিয়ে দেওয়া হবে : সায়নী ঘোষ

নিজস্ব সংবাদদাতা, আসানসোল : আসানসোল পুরভোটের শেষ লগ্নের প্রচারে সোমবার থেকে শহরে রয়েছেন যুব তৃণমূল কংগ্রেসের সভানেত্রী সায়নী ঘোষ। মঙ্গলবার সকালে তিনি আসানসোল দক্ষিণ বিধানসভার বার্নপুর অঞ্চলে তৃণমূল প্রার্থীদের সমর্থনে সম্প্রীতি ভবনে কর্মীসভায় যোগ দেন। এদিন তাঁর সঙ্গে ছিলেন প্রার্থী অশোক রুদ্র, ববিতা দাস ও আরো অনেকে। এদিন সায়নী ঘোষ জানান, 'পুরভোটের আগে মমতা ব্যানার্জির প্রতিনিধি হিসাবে আসানসোলে রয়েছি। দলের কর্মী ও প্রার্থীদের উদ্দেশ্যে কিছু বার্তাও নিয়ে এসেছি। কলকাতার পরে রাজ্যে আসানসোলই সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকা। পুরনিগম এলাকা হিসাবেও অনেক বড়ো। রাজ্যে মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যেভাবে উন্নয়নের কর্মযজ্ঞ চলছে সেই ধারাকে টিকিয়ে রাখতে আসানসোলের মানুষ তৃণমূলের সঙ্গেই থাকবে। তৃণমূলই আসানসোল পুরনিগমের বোর্ড গড়বে।' পাশাপাশি অর্জুন সিংয়ের আগের দিনের মন্তব্যের প্রেক্ষিতে তিনি কটাক্ষ করে বলেন, 'ভাটপাড়ায় থেকে ভাট বকছেন। তাঁর কথা কেউ শোনে না। বাংলার মানুষ বিজেপির সঙ্গে নেই। বিধানসভা ভোটেই প্রমাণ হয়ে গেছে।' পরে সায়নী ঘোষ আসানসোলের দলীয় কার্যালয়ে বলেন, 'আসানসোলে ১০৬টি ওয়ার্ডেই তৃণমূল জয় নিয়ে দৃঢ় বিশ্বাসী। দল সবার কাজের দিকেই নজর রেখেছে। যোগ্যরা যেমন দলের কাছে গুরুত্ব পাবেন, তেমনই দলে থেকে যাঁরা দল বিরোধী কাজ করছেন বা দল ভাঙছেন তাঁদেরও ব্যবস্থা হবে।' এদিন তিনি বিজেপির রাজ্য সভাপতিকে উদ্দেশ করে বলেন, 'বাংলার মানুষের কাছে বিজেপিকে প্রত্যাখ্যানের রায় বিজেপি এখনো হজম করতে পারেনি। দরকার পড়লে সুকান্ত মজুমদারকে ১ বাক্স ইনো পাঠিয়ে দেওয়া হবে।'

ছবি : জয়ন্ত সাহা

মেমারিতে তৃণমূলে টিকিট না পেয়ে কংগ্রেসের প্রার্থী

বিপুন ভট্টাচার্য, বর্ধমান : মঙ্গলবার রীতিমতো মিছিল করে এসে তৃণমূল কংগ্রেসের প্রার্থীরা জেলা প্রশাসনিক ভবনে মনোনয়ন জমা দিতে এল। কোনোরকম অপ্রীতিকর অবস্থা এড়াতে পুলিশের তৎপরতাও ছিল চোখে পড়ার মতো। নির্বাচন কমিশনের নিয়মানুযায়ী প্রার্থীর সঙ্গে মনোনয়ন কেন্দ্রে একজনের ঢোকার নিয়ম ছিল। প্রশাসনিক ভবনের চারিদিকে ছিল পুলিশের ব্যারিকেড। ব্যারিকেডের ভেতরে অত্যুৎসাহিতভাবে পুলিশ কোনো মিছিল ঢুকতে না দিলেও এদিন প্রশাসনিক ভবনের সামনে কাতারে কাতারে তৃণমূলের সমর্থকদের দেখা মিলেছে। মনোনয়নেই পুলিশকে তাদের সরিয়ে দিতেও দেখা গেছে। এদিন তৃণমূল কংগ্রেসের প্রার্থীরা মনোনয়ন জমা দিলেও বেশ কিছু প্রার্থীর এফিডেভিটে ভুল থাকায় তাদের সংশোধন করার জন্য জানানো হয়েছে। ফলে অনেক প্রার্থীই এদিন মনোনয়ন জমা দিয়েও নিশ্চিন্ত হতে পারেননি। এরইমধ্যে তৃণমূল কংগ্রেসের এক প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়ে বেরিয়েই বর্ধমান থানার এক অফিসারকে পায়ে হাত দিয়ে প্রণাম করায় আলোড়ন সৃষ্টি হয়েছে। উল্লেখ্য, সকালে মন্দিরে পুজো দিয়ে ও মাজারে চাদর চড়িয়ে এদিন তৃণমূল কংগ্রেসের অনেক প্রার্থীই মনোনয়নপত্র জমা দিতে আসে। অন্যদিকে, দলের টিকিট না পেয়ে এদিন কংগ্রেসে যোগ দিয়ে মেমারি পুরসভার ২ নম্বর ওয়ার্ডের রূপা গাঁড়া মনোনয়ন পেশ করেন। ওই পুরসভার ১৫নং ওয়ার্ড থেকে সে প্রার্থী হয়েছে। জানা গেছে, মাত্র ৫ দিন আগেই কংগ্রেসে যোগ দিয়েই তার ভাগ্যে কংগ্রেসের টিকিট জুটেছে। ২০১০ সালে মেমারি পুরসভার ১নং ওয়ার্ড ও ২০১৫ সালে ৯নং ওয়ার্ড থেকে তৃণমূল প্রার্থী হিসাবে রূপা গাঁড়া কাউন্সিলর নির্বাচিত হয়। রূপা গাঁড়া জানায়, এবারে মেমারি পুরসভার ১৩নং ওয়ার্ড থেকে তৃণমূলের প্রার্থী হিসাবে দাঁড়াতে চাইলেও সেখানে পম্পা ক্ষেত্রপালকে প্রার্থী করা হয়। তৃণমূল কংগ্রেসের মেমারি শহর সভাপতি স্বপন ঘোষাল জানায়, দল যাকে যোগ্য মনে করেছে তাকে প্রার্থী করেছে। যারা ব্যক্তিস্বার্থের জন্য দল করে তারা এরকমটাই করবে সেটা স্বাভাবিক।

ব্যাঁটরায় লুঠ

ভাস্কর বিশ্বাস, হাওড়া : মঙ্গলবার দুপুরে হাওড়ার বাঁটরা থানা এলাকার বেলিলিয়াস রোডের এক কারখানায় ৩জন অস্ত্রধারী ও বোমার ব্যাগ নিয়ে ঢোকে। ১জন নজরদারির জন্য কারখানার গেটে থাকে। অন্য ২জন ব্যাগের মধ্যে থাকা বোমা ও আগ্নেয়াস্ত্র বের করে কর্মচারীদের দেখিয়ে প্রায় ১ কোটি টাকা নিয়ে পালায়। পুরো ঘটনা সিসিটিভিতে ধরা পড়েছে। পুলিশ তদন্ত শুরু করেছে। দুষ্কৃতীদের খোঁজে চিরুনি তল্লাশি শুরু হয়েছে।

বারাকপুরে মনোনয়ন জমা তৃণমূল প্রার্থীদের

প্রতীতি ঘোষ, বারাকপুর : মঙ্গলবার বারাকপুর মহকুমার দমদম, উত্তর দমদম, বরানগর ও কাঁচড়াপাড়ার মতো পুরসভার তৃণমূল প্রার্থীদের মধ্যে ৯০% প্রার্থী দলীয় কর্মীদের সঙ্গে মিছিল করে এসে বারাকপুরে প্রশাসনিক ভবনে তাঁদের মনোনয়নপত্র জমা দেন। প্রশাসনিক নিরাপত্তা ব্যবস্থা ছিল জোরদার। এদিন শুধুমাত্র প্রার্থী ও তাঁর ১জন এজেন্টকে সব কাগজপত্র দেখে প্রশাসনিক ভবনের ভেতরে ঢোকার ছাড়পত্র দেওয়া হয়। এদিন দমদম বারাকপুর তৃণমূলের সাংগঠনিক জেলার সভাপতি পার্থ ভৌমিক জানান, দল বড়ো হয়েছে তাই সবার চাহিদা বেড়েছে। যাঁরা টিকিট পাননি তাঁরা অভিমানে বিক্ষোভ দেখালেও আজ সকালে দলের প্রার্থীর হয়ে একসঙ্গে মনোনয়নপত্র জমা দিতে এসেছেন।' এদিন বারাকপুর প্রশাসনিক ভবনে খড়দহের বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায় এসে বলেন, 'পুরভোটে জেতার জন্য তৃণমূল ১০০% আশাবাদী। যাঁরা বিক্ষোভ দেখিয়েছিলেন, তাঁরা মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নে শামিল হচ্ছেন। আমরা নিজেদের মধ্যে সব সমস্যা মিটিয়ে নিয়েছি। দল বড়ো হয়েছে তাই মানুষের চাহিদা বেড়েছে। সব কর্মীরা মমতা বন্দ্যোপাধ্যায়ের সৈনিক হিসেবে পুরভোটে কাজ করবেন।'

তারকেশ্বরে পুরভোটে বিজেপি প্রার্থী না পেয়ে নাজেহাল

অমিত চৌধুরী, তারকেশ্বর : তারকেশ্বরে বিজেপি প্রার্থী তালিকা ঘোষণা করতে পারল না। পুরভোটের মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন ৯ ফেব্রুয়ারি। বিজেপি সূত্রে জানা গেছে, তারকেশ্বরের সব ওয়ার্ডে প্রার্থী খুঁজতে বিজেপি নেতৃত্ব নাজেহাল হচ্ছে। মহিলা ও তপশিলি জাতি-উপজাতি সংরক্ষিত আসনে প্রার্থী নির্বাচন করতে সবথেকে সমস্যা হচ্ছে। বিধানসভা ভোটের আগে বিজেপির কর্মী ও সমর্থকদের এখন আর খুঁজে পাওয়া যাচ্ছে না। প্রার্থী না পেয়ে জেলা কমিটি বাধ্য হয়ে সরাসরি মনোনয়নপত্র জমা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক বিজেপির এক কর্মী বলেন, তারকেশ্বরের তৃণমূলের দাপুটে নেতা ৭ নম্বর ওয়ার্ডের প্রার্থী হিসেবে নাম দিয়েছে। তাঁর বিরুদ্ধে বিজেপির কেউই প্রার্থী হতে চাইছে না। এছাড়া ১২ নং ওয়ার্ড মহিলা ও তপশিলি জাতি সংরক্ষিত। এই ওয়ার্ডের প্রার্থী পাওয়া যাচ্ছে না। এছাড়া ৫ ও ৯ নং ওয়ার্ডের মহিলা প্রার্থী খুঁজতে হিমশিম খেতে হচ্ছে। বিজেপির আরামবাগ জেলা সাংগঠনিক সভাপতি সুশান্ত বেরা জানান, নাম নথিভুক্ত করে রাজ্য নেতৃত্বের কাছে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। এখনো তা এসে পৌঁছয়নি। আপাতত মনোনয়নপত্র জমা দেওয়ার কথা বলা হচ্ছে। বিজেপির প্রার্থীপদ প্রসঙ্গে তৃণমূলের আরামবাগ সাংগঠনিক সভাপতি রামেন্দু সিংহ রায় বলেন, বিজেপি সাম্প্রদায়িক দল। রেল, এয়ার ইন্ডিয়া ও বিএসএনএল-সহ সবকিছু বেসরকারিকরণ করছে। কৃষক-সহ সাধারণ মানুষকে মিথ্যা প্রতিশ্রুতি দিয়েছে। স্বাভাবিকভাবেই বিজেপির ছলনায় ভুলছে না কেউ। তাই তারা প্রার্থী খুঁজে পাচ্ছে না।

বারুইপুরে ৩ পুরসভার মনোনয়নপত্র জমা নিয়ে উৎসবের মেজাজ

জয়িতা বন্দ্যোপাধ্যায়, বারুইপুর : মঙ্গলবার বারুইপুরের জেলা পরিষদ প্রশিক্ষণ কেন্দ্রে বারুইপুর, জয়নগর-মজিলপুর ও রাজপুর সোনারপুর পুরসভায় তৃণমূল, বিজেপি, সিপিআই(এম) প্রার্থীরা একে-একে মনোনয়নপত্র জমা দেন। আর সেজন্য বারুইপুরে প্রচুর পুলিশ মোতায়েন ছিল। এদিন বারুইপুরের বিশালাক্ষ্মী মন্দিরে ১৫জন তৃণমূল প্রার্থী পুজো দিয়ে পদ্মপুকুর থেকে পদযাত্রা করে মনোনয়নপত্র জমা দিতে যান। মিছিলে ছিলেন বিধানসভার অধ্যক্ষ তথা বারুইপুর পশ্চিমের বিধায়ক বিমান বন্দ্যোপাধ্যায়, রাজ্যসভার সাংসদ শুভাশিস চক্রবর্তী। পরে মনোনয়নপত্র জমা দিতে যান ১৭ নং ওয়ার্ডের তৃণমূল প্রার্থী তথা বিদায়ী চেয়ারম্যান শক্তি রায়চৌধুরী, ৭ নং ওয়ার্ডের প্রার্থী নন্দিতা সরদার। সঙ্গে ছিলেন তাঁর স্বামী বারুইপুর পূর্বের বিধায়ক বিভাস সরদার। এদিন দুপুরে বারুইপুর পূর্বের জেলা বিজেপি কার্যালয়ে বারুইপুর, রাজপুর-সোনারপুর, জয়নগর-মজিলপুর পুরসভার প্রার্থী তালিকা ঘোষণা করেই প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিতে যান। বারুইপুর, রাজপুর-সোনারপুর পুরসভার সিপিআই(এম) প্রার্থীরাও মনোনয়নপত্র জমা দেন। বারুইপুর পুরসভার ১৩ নং ওয়ার্ডে বিজেপি প্রার্থী আইনজীবী সুদাস মণ্ডলের নাম ঘোষিত হলেও তিনি ২০১৫ সালের পুরভোটে আয়-ব্যয়ের হিসেব দিতে পারেননি বলে তাঁর প্রার্থীপদ খারিজ হয়ে যায়। এদিন বারুইপুর পুরসভার ২টি ওয়ার্ড থেকে নির্দল প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেন। পরে বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, 'বিরোধীরা কোনো আসনই পাবে না। বারুইপুর পুরসভায় ১৭-০ আসন হবে।' জানা গেছে, বারুইপুরে বিজেপির ১১ জন, তৃণমূলের ১৭, সিপিআই(এম) ১৬, কংগ্রেস ১, নির্দল প্রার্থী ২ জন মনোনয়নপত্র জমা দেন। জয়নগর-মজিলপুর পুরসভায় তৃণমূলের ১৪টি, সিপিআই(এম) দলের ২টি, এসইউসিআই(সি) ২টি মনোনয়নপত্র জমা পড়েছে।

মৌলালিতে ২ তরুণীকে উত্যক্ত করায় গ্রেফতার ২

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : মঙ্গলবার দুপুরে মৌলালির কাছে ফুটপাত দিয়ে হেঁটে যাওয়া ২ তরুণীকে উত্যক্ত করার অভিযোগে ট্রাফিক পুলিশ তড়িঘড়ি ২ দুষ্কৃতীকে গ্রেফতার করে। পুলিশ সূত্রে জানা গেছে, মঙ্গলবার বেলা সাড়ে ১২টা নাগাদ ওই ২ তরুণী মৌলালির কাছে ফুটপাত দিয়ে যাচ্ছিল। সেসময় রোগীশূন্য ১টি অ্যাম্বুলেন্স নিয়ে চালক ও সহকারী তাদের কাছে ঘেঁষে আসে। এরপর তারা পাশাপাশি যেতে যেতে ওই ২ তরুণীকে ক্রমাগত উত্যক্ত করতে শুরু করে। ২ তরুণী প্রথমে একে গুরুত্ব না দেওয়ার চেষ্টা করলেও, অভিযুক্ত ২জন পিছু হটেনি। আতঙ্কে ওই তরুণীরা দৌড়ে গিয়ে এটিজি ট্রাফিক পুলিশকে সব জানায়। পুলিশ সঙ্গে সঙ্গে অ্যাম্বুলেন্সটি আটক করে।

আসানসোল হাসপাতালে ছবি তোলা নিয়ে বিবাদ

নিজস্ব সংবাদদাতা, আসানসোল : মঙ্গলবার আসানসোল জেলা হাসপাতালে ২জন ছাত্রীকে করোনার টিকা দেওয়ার সময় তারা মোবাইলে ছবি তোলায় হাসপাতালের কর্মীরা আপত্তি জানান। এরপরই ওই ছাত্রীরা হাসপাতালের কম্পিউটার আছড়ে ফেলে দেয় বলে অভিযোগ। খবর পেয়ে আসানসোল দক্ষিণ থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ২ ছাত্রীকে আটক করে থানায় নিয়ে যায়। আসানসোল জেলা হাসপাতালের সুপার নিখিলচন্দ্র দাস জানান, 'আসানসোলের নবম ও দশম শ্রেণির ২ ছাত্রী করোনার টিকা নিতে এসে সেই ভিডিও তাদের মোবাইলে তুলছিল। কর্মরত হাসপাতালের কর্মীরা প্রতিষেধক দেওয়ার ক্ষেত্রে ছবি তোলা নিয়ে আপত্তি জানালে ছাত্রীরা ওই কাণ্ড ঘটায়। ব্যাপারটি সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষ ও আসানসোল দক্ষিণ থানায় জানানো হয়েছে।'

খড়গপুরে প্রার্থী তালিকা নিয়ে বিজেপিতে শুরু গৃহযুদ্ধ, মণ্ডল কার্যালয় ভাঙচুর

সুমনকুমার দাস, খড়গপুর : সোমবার রাতে বিজেপি প্রার্থী তালিকা বের করার পর থেকেই খড়গপুরের নানা ওয়ার্ড থেকে কর্মীদের বিক্ষোভের খবর মেলে। সোমবার রাতে ইন্দায় দলের রাজ্য সাধারণ সম্পাদক তথা সাংসদ দিলীপ ঘোষের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত তুষার মুখোপাধ্যায়ের বাড়ি লক্ষ্য করে বিজেপিরই অন্য গোষ্ঠীর লোকজন পুরভোটে টিকিট না পেয়ে ইট ছোড়া সহ গাড়িতে ভাঙচুর চালায় বলে অভিযোগ। তুষার মুখোপাধ্যায় জানান, 'রাত ২টো নাগাদ এলাকায় দলের শক্তিপ্রমুখের নেতৃত্বে কয়েকজন মহিলা ইট ছোড়েন। তাতে জানলা ও গাড়ির কাচ ভেঙেছে। এক নেতার স্ত্রী টিকিট পাননি বলে এই হামলা হয়েছে বলে দিলীপ ঘোষকে অভিযোগ জানিয়েছি। হামলায় জড়িত কিছু মহিলাকে দল আগেই সাসপেন্ড করেছে। তাঁদের বিধায়ক হিরণ চট্টোপাধ্যায়ের অফিসে কয়েকবার দেখেছি।' এদিকে তুষার মুখোপাধ্যায়ের এই অভিযোগ ভিত্তিহীন বলে অভিযুক্ত বিজেপি নেতা দাবি করেছেন। এ ব্যাপারে হিরণ চট্টোপাধ্যায়কে মঙ্গলবার দুপুরে ফোন করা হলে তিনি উত্তর দেননি। সোমবার রাতে খড়গপুরের পুরভোটে বিজেপির যে তালিকা বেরিয়েছে তাতে ৩৫ নং ওয়ার্ডে প্রার্থী হিসেবে খড়গপুর সদরের বিধায়ক হিরণ চট্টোপাধ্যায়ের নাম রয়েছে। কয়েকদিন ধরেই জল্পনা চলছিল বিধায়ক পুরভোটে প্রতিদ্বন্দ্বিতা করতে চান। সম্প্রতি তিনি দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের সঙ্গে দেখা করেছিলেন। হিরণ চট্টোপাধ্যায়ের প্রতিদ্বন্দ্বী প্রাক্তন পুরপ্রধান তথা তৃণমূল কংগ্রেসের জহরলাল পাল। ৩৫ নং ওয়ার্ডটি মহিলাদের জন্য সংরক্ষিত হওয়ায় জহরলাল পালকে দল ৩৩ নং ওয়ার্ডে প্রার্থী করেছে। বিজেপির প্রার্থী তালিকায় খড়গপুরের ৩টি মণ্ডলের সভাপতি দীপসোমা ঘোষ, টি তারকেশ্বর রাও ও প্রকৃতিরঞ্জন দাসের নাম রয়েছে। ১৬ নং ওয়ার্ড থেকে মেদিনীপুরের সাংসদ দিলীপ ঘোষের খড়গপুর সদরের প্রতিনিধি অভিষেক আগরওয়াল প্রার্থী হয়েছেন। কয়েকদিন আগে এক রাজনৈতিক মামলায় গ্রেফতার হওয়া অসুস্থ বিজেপি নেতা অপজিৎ সিংকে ২ নং ওয়ার্ড থেকে প্রার্থী করা হয়েছে। অন্যদিকে, মঙ্গলবার সকালে পরিস্থিতি আরো উত্তপ্ত হয়ে ওঠে। ১০ নং ওয়ার্ডের বিজেপি নেত্রী বেবি কোলে এবারের টিকিটের অন্যতম দাবিদার ছিলেন। অথচ তালিকায় তাঁর নাম নেই। ওই ওয়ার্ডে দল মৌসুমী দাসকে প্রার্থী করেছে। বেবি কোলে একসময় দিলীপ ঘোষের অনুগামী ছিলেন। এখন তাঁকে বিধায়ক হিরণ চট্টোপাধ্যায় শিবিরের নেত্রী হিসেবে ধরা হয়। এদিন ওই বিজেপি নেত্রী ওয়ার্ডে ঘুরে-ঘুরে দলের প্রার্থীকে ভোট না দেওয়ার হুমকি দেন। তিনি বলেন, 'সারা বছর দলের নানা কর্মসূচি করে লোকের পাশে আমরা থাকব, আর টিকিটের বেলায় অন্য কেউ পেয়ে যাবে তা হতে পারে না। টাকা দিয়ে প্রার্থী টিকিট কিনেছেন।' উল্লেখ্য, ১৮ নং ওয়ার্ডে বিজেপি কর্মী লিপু বেহারার স্ত্রী প্রিয়াঙ্কা বেহারা টিকিটের দাবিদার ছিলেন। সেখানে বিজেপির দক্ষিণ মণ্ডলের সভাপতি তথা ৬ নং ওয়ার্ডের বাসিন্দা টি তারকেশ্বর রাওকে প্রার্থী করায় লিপু বেহারা ক্ষেপে উঠেছেন। এদিন মণ্ডল সভাপতির বিরুদ্ধে বেবি কোলে ও লিপু বেহারা স্লোগান দিয়ে পার্টি অফিস ভাঙচুর করে ফ্লেক্স, ব্যানার ছিঁড়েছে বলে অভিযোগ ওঠে। টায়ার জ্বালিয়ে তাঁরা বিক্ষোভ দেখান। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ওই ওয়ার্ডে টিকিটের আরেক দাবিদার ওমপ্রকাশ সিং জানান, 'দলীয় অফিসে ঢুকে ভাঙচুর সমর্থন করি না।' অন্যদিকে, ২৪ নং ওয়ার্ডের পুরোনো বিজেপি নেতা বাবলু বাসুকে দল প্রার্থী না করে বিমল ওঝাকে প্রার্থী করায় বিজেপি কর্মীদের মধ্যে ক্ষোভ বাড়ছে। এদিকে, হিরণ চট্টোপাধ্যায় শিবিরের দাবি, ১০-১৯ নং ওয়ার্ড পর্যন্ত দিলীপ ঘোষের অনুগামীদের টিকিট দেওয়া হয়েছে।

মমতা ব্যানার্জি লখনউতে অশান্তির চেষ্টা করবেন : সুকান্ত মজুমদার

রবীন্দ্রনাথ প্রামানিক, আসানসোল : ১২ ফেব্রুয়ারি আসানসোল পুরনিগমের ভোটের আগে প্রচারে ঝড় তুলতে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ২দিনের জন্য শহরে এসেছেন। মঙ্গলবার সকালে তিনি আসানসোল পুরনিগমের ৮৪ ও ৮৫ নং ওয়ার্ডের বিজেপি প্রার্থী মধুমিতা চ্যাটার্জি ও কাকলি ঘোষের হয়ে দুয়ারে-দুয়ারে প্রচারে অংশ নেন। প্রচার শেষে সাংবাদিকদের সুকান্ত মজুমদার জানান, 'অখিলেশ যাদবের জমানায় উত্তর প্রদেশের অবস্থা কী হয়েছিল, সবার জানা আছে। দুষ্কৃতীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছিল। এখন যোগীর শাসনকালে উত্তর প্রদেশ উত্তম প্রদেশে পরিণত হয়েছে। সব আঞ্চলিক দল এককেকটি বেসরকারি সংস্থার মতো। তারা শুধু নিজেদের পরিবারের সদস্যদের উন্নতির কথাই ভাবে। এখানে ব্যানার্জি পরিবারের এক সদস্য যাদব পরিবারের এক সদস্যকে সাহায্যের জন্যে লখনউ গিয়েছেন। এর বেশি কিছু এটা নিয়ে ভাবার দরকার নেই। মমতা ব্যানার্জি সেখানে গিয়ে নতুন করে কোনো অশান্তি করা যায় কিনা, সে ব্যাপারে চেষ্টা করবেন।' তৃণমূল কংগ্রেসে মমতা ব্যানার্জি ও অভিষেকের দ্বন্দ্বের প্রেক্ষিতে তিনি বলেন, 'বিজেপি কখনো পরিবারতন্ত্রে নাক গলায়নি। তাই পরিবারের সদস্যদের বিভাজন নিয়েও বিজেপির কোনো ভূমিকা নেই। যাদের মধ্যে মতান্তর চলছে, তারাই ভালো বলবে বিভাজন কতটা।' পুরভোটের প্রার্থী তালিকা ঘোষণার পরে বিজেপির অন্দরে যে ক্ষোভ দেখা দিয়েছে এই অভিযোগ উড়িয়ে দিয়ে সুকান্ত মজুমদার জানান, 'বিজেপির অন্দরে কোনো ক্ষোভ-বিক্ষোভ নেই।' এদিন তিনি কল্যাণপুর অঞ্চলে বিজেপি প্রার্থীর সমর্থনে প্রচারে যান। পরে বিকালে কুলটি অঞ্চলে প্রার্থীদের হয়ে প্রচার করেন। ছবি : জয়ন্ত সাহা

উত্তরবঙ্গে মোহন ভাগবত আসছেন

উজ্জ্বল দত্ত, কলকাতা : রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘের প্রধান মোহন ভগবত ১১ ফেব্রুয়ারি উত্তরবঙ্গে আসছেন। এদিনের সফরে সংগঠনের বৈঠক ছাড়াও বেশ কিছু কর্মসূচি রয়েছে। উত্তরবঙ্গ প্রান্তের কার্যবহ তরুণ পন্ডিত জানান, শিলিগুড়িতে রাজ্যস্তরের রাষ্ট্রীয় স্বয়ংসেবকদের বিশেষ প্রশিক্ষণ রয়েছে। তা চলবে ১১-১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রথমদিন উত্তরবঙ্গের সব প্রচারকদের সঙ্গে আলোচনায় বসবেন। পরেরদিন রাজ্য কার্যকারিণী সভার সম্পাদকমণ্ডলীর সঙ্গে বৈঠক আর শেষদিন ১৩ ফেব্রুয়ারি জেলাস্তরের পদাধিকারীদের সঙ্গে বৌদ্ধিক কার্যক্রম বা আলোচনায় অংশ নেবেন। ওইদিনই তাঁর নাগপুর ফেরার কথা। উত্তরবঙ্গ সফর সেরে মোহন ভাগবত সাংগঠনিক কাজকর্ম খতিয়ে দেখতে বর্ধমান যেতে পারেন। যদিও এনিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত এখনো হয়নি। তবে কলকাতায় আসার কোনো পরিকল্পনা আপাতত নেই।'

সুকান্ত মজুমদারকে ১ বাক্স ইনো পাঠিয়ে দেওয়া হবে : সায়নী ঘোষ

নিজস্ব সংবাদদাতা, আসানসোল : আসানসোল পুরভোটের শেষ লগ্নের প্রচারে সোমবার থেকে শহরে রয়েছেন যুব তৃণমূল কংগ্রেসের সভানেত্রী সায়নী ঘোষ। মঙ্গলবার সকালে তিনি আসানসোল দক্ষিণ বিধানসভার বার্নপুর অঞ্চলে তৃণমূল প্রার্থীদের সমর্থনে সম্প্রীতি ভবনে কর্মীসভায় যোগ দেন। এদিন তাঁর সঙ্গে ছিলেন প্রার্থী অশোক রুদ্র, ববিতা দাস ও আরো অনেকে। এদিন সায়নী ঘোষ জানান, 'পুরভোটের আগে মমতা ব্যানার্জির প্রতিনিধি হিসাবে আসানসোলে রয়েছি। দলের কর্মী ও প্রার্থীদের উদ্দেশ্যে কিছু বার্তাও নিয়ে এসেছি। কলকাতার পরে রাজ্যে আসানসোলই সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকা। পুরনিগম এলাকা হিসাবেও অনেক বড়ো। রাজ্যে মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যেভাবে উন্নয়নের কর্মযজ্ঞ চলছে সেই ধারাকে টিকিয়ে রাখতে আসানসোলের মানুষ তৃণমূলের সঙ্গেই থাকবে। তৃণমূলই আসানসোল পুরনিগমের বোর্ড গড়বে।' পাশাপাশি অর্জুন সিংয়ের আগের দিনের মন্তব্যের প্রেক্ষিতে তিনি কটাক্ষ করে বলেন, 'ভাটপাড়ায় থেকে ভাট বকছেন। তাঁর কথা কেউ শোনে না। বাংলার মানুষ বিজেপির সঙ্গে নেই। বিধানসভা ভোটেই প্রমাণ হয়ে গেছে।' পরে সায়নী ঘোষ আসানসোলের দলীয় কার্যালয়ে বলেন, 'আসানসোলে ১০৬টি ওয়ার্ডেই তৃণমূল জয় নিয়ে দৃঢ় বিশ্বাসী। দল সবার কাজের দিকেই নজর রেখেছে। যোগ্যরা যেমন দলের কাছে প্রাপ্য পাচ্ছে, তেমনই দলে থেকে যাঁরা দল বিরোধী কাজ করছেন বা জল মাপছেন তাঁদেরও ব্যবস্থা হবে।' এদিন তিনি বিজেপির রাজ্য সভাপতিকে উদ্দেশ করে বলেন, 'বাংলার মানুষের কাছে বিজেপিকে প্রত্যাখানের রায় বিজেপি এখনো হজম করতে পারেনি। দরকার পড়লে সুকান্ত মজুমদারকে ১ বাক্স ইনো পাঠিয়ে দেওয়া হবে।' ছবি : জয়ন্ত সাহা

মেমারিতে তৃণমূলে টিকিট না পেয়ে কংগ্রেসের প্রার্থী

বিপুল ভট্টাচার্য, বর্ধমান : মঙ্গলবার রীতিমতো মিছিল করে এসে তৃণমূল কংগ্রেসের প্রার্থীরা জেলা প্রশাসনিক ভবনে মনোনয়ন জমা দিতে এল। কোনোরকম অপ্রীতিকর অবস্থা এড়াতে পুলিশের তৎপরতাও ছিল চোখে পড়ার মতো। নির্বাচন কমিশনের নিয়মানুযায়ী প্রার্থীর সঙ্গে মনোনয়ন কেন্দ্রে একজনের ঢোকার নিয়ম ছিল। প্রশাসনিক ভবনের চারিদিকে ছিল পুলিশের ব্যারিকেড। ব্যারিকেডের ভেতরে আনুষ্ঠানিকভাবে পুলিশ কোনো মিছিল ঢুকতে না দিলেও এদিন প্রশাসনিক ভবনের সামনে ... তৃণমূলের সমর্থকদের দেখা মিলেছে। ... না পেয়ে এদিন কংগ্রেসে যোগ দিয়ে মেমারি পুরসভার ... মনোনয়ন পেশ করে। ...

ব্যাঁটরায় লুঠ

ভাস্কর বিশ্বাস, হাওড়া : মঙ্গলবার দুপুরে হাওড়ার ব্যাঁটরা থানা এলাকার ... এক ব্যবসায়ীর কাছ থেকে ... প্রায় ১ কোটি টাকা নিয়ে পালায়। পুরো ঘটনা সিসিটিভিতে ধরা পড়েছে। পুলিশ তদন্ত শুরু করেছে। দুষ্কৃতীদের খোঁজে তল্লাশি শুরু হয়েছে।

বারাকপুরে মনোনয়ন জমা তৃণমূল প্রার্থীদের

প্রতীতি ঘোষ, বারাকপুর : মঙ্গলবার বারাকপুর মহকুমার দমদম, উত্তর দমদম, বরানগর ও কাঁচড়াপাড়ার মতো পুরসভার তৃণমূল প্রার্থীদের মধ্যে ৯০% প্রার্থী দলীয় কর্মীদের সঙ্গে মিছিল করে এসে বারাকপুর প্রশাসনিক ভবনে তাঁদের মনোনয়নপত্র জমা দেন। ... এদিন বারাকপুর পুরসভার সংশ্লিষ্ট ... দলের প্রার্থীরা ... মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নে শামিল হচ্ছেন। ... কর্মীরা মমতা বন্দ্যোপাধ্যায়ের সৈনিক হিসেবে পুরভোটে কাজ করবেন।'

তারকেশ্বরে পুরভোটে বিজেপি প্রার্থী না পেয়ে নাজেহাল

অমিত চৌধুরী, তারকেশ্বর : তারকেশ্বরে বিজেপি প্রার্থী তালিকা ঘোষণা করতে পারল না। পুরভোটের মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন ৯ ফেব্রুয়ারি। বিজেপি সূত্রে জানা গেছে, তারকেশ্বরের সব ওয়ার্ডে প্রার্থী খুঁজছে বিজেপি। ... ওয়ার্ডের প্রার্থী খুঁজে পাচ্ছে না।

আসানসোল হাসপাতালে ছবি তোলা নিয়ে বিবাদ

নিজস্ব সংবাদদাতা, আসানসোল : মঙ্গলবার আসানসোল জেলা হাসপাতালে ... হাসপাতালের কর্মীরা আপত্তি জানান। ... আসানসোল জেলা হাসপাতালের সুপার নিখিলচন্দ্র দাস জানান, ... ছবি তোলা নিয়ে অশান্তি ... ঘটনায় ... ।

বারুইপুরে ৩ পুরসভার মনোনয়নপত্র জমা নিয়ে উৎসবের মেজাজ

জয়িতা বন্দ্যোপাধ্যায়, বারুইপুর : মঙ্গলবার বারুইপুরের জেলা পরিষদ প্রশিক্ষণ কেন্দ্রে বারুইপুর, জয়নগর-মজিলপুর ও রাজপুর সোনারপুর পুরসভায় তৃণমূল, বিজেপি, সিপিআই(এম) প্রার্থীরা একে-একে মনোনয়নপত্র জমা দেন। ... বারুইপুর পুর্বের বিধায়ক বিভাস সরদার। এদিন দুপুরে বারুইপুর পুর্বের জেলা বিজেপি কার্যালয়ে বারুইপুর, রাজপুর-সোনারপুর, জয়নগর-মজিলপুর পুরসভার প্রার্থী তালিকা ঘোষণা ... জয়নগর-মজিলপুর পুরসভায় তৃণমূলের ১৩টি, সিপিআই(এম) দলের ২টি, এসইউসিআই (সি) ২টি মনোনয়নপত্র জমা পড়েছে।

মৌলালিতে ২ তরুণীকে উত্যক্ত করায় গ্রেফতার ২

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : মঙ্গলবার দুপুরে মৌলালির কাছে ফুটপাত দিয়ে হেঁটে যাওয়া ২ তরুণীকে উত্যক্ত করার অভিযোগে ট্র্যাফিক পুলিশ অভিযুক্ত ২ যুবককে গ্রেফতার করে। ... অভিযুক্ত ২জন শিশু হাটিশ। তাতেই ওই তরুণীরা ... এন্টালি ট্র্যাফিক পুলিশকে সব জানায়। পুলিশ সঙ্গে সঙ্গে অভিযুক্তদের আটক করে।

খড়্গপুরে প্রার্থী তালিকা নিয়ে বিজেপিতে শুরু গৃহযুদ্ধ, মণ্ডল কার্যালয় ভাঙচুর

সুমনকুমার দাস, খড়্গপুর : সোমবার রাতে বিজেপি প্রার্থী তালিকা প্রকাশ করার পর থেকেই খড়্গপুরের নানা ওয়ার্ড থেকে কর্মীদের বিক্ষোভের খবর মেলে। সোমবার রাতে ইন্দায় দলের রাজ্য সাধারণ সম্পাদক তথা সাংসদ দিলীপ ঘোষের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত তুষার মুখোপাধ্যায়ের বাড়ি লক্ষ্য করে বিজেপিরই অন্য গোষ্ঠীর লোকজন পুরভোটে টিকিট না পেয়ে ইট ছোড়া সহ গাড়িতে ভাঙচুর চালায় বলে অভিযোগ। তুষার মুখোপাধ্যায় জানান, রাত ২টো নাগাদ এলাকায় দলের শক্তিপ্রমুখের নেতৃত্বে কয়েকজন মহিলা ইট ছোড়েন। তাতে জানলা ও গাড়ির কাচ ভেঙেছে। এক নেতার স্ত্রী টিকিট পাননি বলে এই হামলা হয়েছে বলে দিলীপ ঘোষকে অভিযোগ জানিয়েছি। হামলায় জড়িত কিছু মহিলাকে দল আগেই সাসপেন্ড করেছে। তাঁদের বিধায়ক হিরণ চট্টোপাধ্যায়ের অফিসে কয়েকবার দেখেছি।' এদিকে তুষার মুখোপাধ্যায়ের এই অভিযোগ ভিত্তিহীন বলে অভিযুক্ত বিজেপি নেতা দাবি করেছেন। এ ব্যাপারে হিরণ চট্টোপাধ্যায়কে মঙ্গলবার দুপুরে ফোন করা হলে তিনি উত্তর দেননি। সোমবার রাতে খড়্গপুরের পুরভোটে বিজেপির যে তালিকা বেরিয়েছে তাতে ৩৩ নং ওয়ার্ডে প্রার্থী হিসেবে খড়্গপুর সদরের বিধায়ক হিরণ চট্টোপাধ্যায়ের নাম রয়েছে। কয়েকদিন ধরেই জল্পনা চলছিল বিধায়ক পুরভোটে প্রতিদ্বন্দ্বিতা করতে চান। সম্প্রতি তিনি দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের সঙ্গে দেখা করেছিলেন। হিরণ চট্টোপাধ্যায়ের প্রতিদ্বন্দ্বী প্রাক্তন পুরপ্রধান তথা তৃণমূল কংগ্রেসের জওহরলাল পাল। ৩৫ নং ওয়ার্ডটি মহিলাদের জন্য সংরক্ষিত হওয়ায় জওহর পালকে দল ৩৩ নং ওয়ার্ডে প্রার্থী করেছে। বিজেপির প্রার্থী তালিকায় খড়্গপুরের ৩টি মণ্ডলের সভাপতি দীপমোলা ঘোষ, টি তারকেশ্বর রাও ও প্রকৃতিরঞ্জন দাসের নাম রয়েছে। ১৬ নং ওয়ার্ড থেকে মেদিনীপুরের সাংসদ দিলীপ ঘোষের খড়্গপুর সদরের প্রতিনিধি অভিষেক আগরওয়াল প্রার্থী হয়েছেন। কয়েকদিন আগে এক রাজনৈতিক মামলায় গ্রেফতার হওয়া অসুস্থ বিজেপি নেতা চরণজিৎ সিংকে ২ নং ওয়ার্ড থেকে প্রার্থী করা হয়েছে। অন্যদিকে, মঙ্গলবার সকালে পরিস্থিতি আরো উত্তপ্ত হয়ে ওঠে। ১০ নং ওয়ার্ডের বিজেপি নেত্রী বেবি কোলে এবারের টিকিটের অন্যতম দাবিদার ছিলেন। অথচ তালিকায় তাঁর নাম নেই। ওই ওয়ার্ডে দল মৌসুমী দাসকে প্রার্থী করেছে। বেবি কোলে একসময় দিলীপ ঘোষের অনুগামী ছিলেন। এখন তাঁকে বিধায়ক হিরণ চট্টোপাধ্যায় শিবিরের নেত্রী হিসেবে ধরা হয়। এদিন ওই বিজেপি নেত্রী ওয়ার্ডে দুপ্ত-দুপ্ত দলের প্রার্থীকে ভোট না দেওয়ার হুমকি দেন। তিনি বলেন, 'সারা বছর দলের নানা কর্মসূচি করে লোকের পাশে আমরা থাকব, আর টিকিটের বেলায় অন্য কেউ পেয়ে যাবে তা হতে পারে না। টাকা দিয়ে প্রার্থী টিকিট কিনেছেন।' উল্লেখ্য, ১৮ নং ওয়ার্ডে বিজেপি কর্মী লিপু বেহেরার স্ত্রী প্রিয়ঙ্কা বেহেরা টিকিটের দাবিদার ছিলেন। সেখানে বিজেপির দক্ষিণ মণ্ডলের সভাপতি তথা ৬ নং ওয়ার্ডের বাসিন্দা টি তারকেশ্বর রাওকে প্রার্থী করায় লিপু বেহেরা ক্ষেপে উঠেছেন। এদিন মণ্ডল সভাপতির বিরুদ্ধে বেবি কোলে ও লিপু বেহেরা স্লোগান দিয়ে পার্টি অফিস ভাঙচুর আর চেয়ার, ব্যানার ছিঁড়েছে বলে অভিযোগ ওঠে। টায়ার জ্বালিয়ে তাঁরা বিক্ষোভ দেখান। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ওই ওয়ার্ডে টিকিটের আরেক দাবিদার ওমপ্রকাশ সিং জানান, 'দলীয় অফিসে ঢুকে ভাঙচুর সমর্থন করি না।' অন্যদিকে, ২৪ নং ওয়ার্ডের পুরোনো বিজেপি নেতা বলরু বরমাকে দল প্রার্থী না করে বিমল ঘোষকে প্রার্থী করায় বিজেপি কর্মীদের মধ্যে ক্ষোভ বাড়ছে। এদিকে, হিরণ চট্টোপাধ্যায় শিবিরের দাবি, ১০-১২ নং ওয়ার্ড পর্যন্ত দিলীপ ঘোষের অনুগামীদের টিকিট দেওয়া হয়েছে।